



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নং-বিঅ-৬/

তারিখ :

বিষয় : নিম্ন মাধ্যমিক পর্যায়ে প্রাথমিক পাঠদানের অনুমতি প্রদান

সূত্র : ক) শিক্ষা মন্ত্রণালয়ের ২৩ জুলাই-২০১৫ খ্রি. তারিখের নং ৩৭.০০.০০০০.০৭৩.৩৩.০৭১.১৩/২৯১ স্মারক পত্র
খ) প্রধান শিক্ষকের ২৬-০৭-২০১৫ তারিখের আবেদন

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে কর্তৃপক্ষের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, চুয়াডাঙ্গা জেলার আলমডাঙ্গা উপজেলায় সিরাজুল ইসলাম জোয়াদ্দার মডেল নিম্ন মাধ্যমিক বিদ্যালয় নিয়োগকৃত শিক্ষক/জনবলের বেতন ভাতাদি শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে পরিশোধের শর্তে ০১-০১-২০১৫ তারিখ হতে ৩১-১২-২০১৭ তারিখ পর্যন্ত ০৩ (তিন) বছরের জন্য নিম্ন মাধ্যমিক পর্যায়ে আগামী বিদ্যালয় মঞ্জুরী কমিটির অনুমোদন সাপেক্ষে প্রাথমিক পাঠদানের অনুমতি প্রদান করা হ'ল-

শর্তসমূহ

- ১। শিক্ষক নিয়োগের ক্ষেত্রে NTRCA আইন-২০০৫ অনুসরণ করতে হবে এবং মহিলা কোটা অবশ্যই পূরণ করতে হবে।
- ২। প্রাথমিক পাঠদানের অনুমতি কোন অবস্থাতেই একে স্বীকৃতি হিসেবে গণ্য করা যাবে না।
- ৩। উক্ত মেয়াদের মধ্যে স্বীকৃতি প্রাপ্তির সকল শর্ত পূরণে ব্যর্থ হলে এই অনুমতি স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে। সেক্ষেত্রে উক্ত বিদ্যালয় পাঠদান/পরীক্ষা সংক্রান্ত যাবতীয় কার্যাদি পরিচালনা থেকে বিরত হবে।
- ৪। শিক্ষা মন্ত্রণালয়ের ১৬-০৬-২০০৯ তারিখের এস.আর. ও নং ১৫৩/আইন/২০০৯ নীতিমালা অনুযায়ী অন্যান্য শর্তাবলী যথাযথভাবে পূরণ করতে হবে।
- ৫। এই পত্রে ইস্যুর তারিখ থেকে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে বিদ্যালয়ের জন্যে বিধি মোতাবেক মোট ০৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট একটি "নির্বাহী কমিটি" গঠন পূর্বক বোর্ডে অবশ্যই দাখিল করতে হবে। উল্লেখ্য অস্থায়ী স্বীকৃতি না পাওয়া পর্যন্ত এই নির্বাহী কমিটি দ্বারা বিদ্যালয় পরিচালিত হবে এবং যে সকল বিদ্যালয়ে অনুমোদিত নির্বাহী/ম্যানেজিং কমিটি আছে তাদের ক্ষেত্রে নতুনভাবে কমিটি গঠনের প্রয়োজন নেই।
- ৬। আগামীতে জে.এস.সি পরীক্ষার ফলাফল সংখ্যাগত ও গুণগতভাবে সন্তোষজনক করতে হবে।
- ৭। সিলেবাস অনুযায়ী বার্ষিক পাঠ পরিকল্পনা প্রণয়ন পূর্বক পাঠদান করতে হবে।
- ৮। বোর্ডের পূর্বানুমতি ছাড়া সংরক্ষিত তহবিলের অর্থ কোনক্রমেই উত্তোলন করা যাবে না।
- ৯। জাতীয় দিবসসমূহ উদযাপন এবং ক্রীড়া ও সাংস্কৃতিক কর্মকাণ্ডের আয়োজন করতে হবে।
- ১০। লাইব্রেরীতে পুস্তক সংখ্যা কাম্য পরিমাণে বৃদ্ধি করতে হবে এবং Library Management সফটওয়্যারে নিজ নিজ প্রতিষ্ঠানের গ্রন্থাগারের বইয়ের তথ্য আপলোড করতে হবে।
- ১১। বাংলা একাডেমী কর্তৃক প্রকাশিত বাংলা-ইংরেজি, ইংরেজি-বাংলা অভিধানসমূহ সংগ্রহ করতে হবে।
- ১২। বিদ্যালয়ের সকল তথ্য ওয়েব সাইটে অবশ্যই হালনাগাদ করতে হবে।

(ড. মোঃ আহসান হাবীব)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর

ফোন : ০৪২১- ৬৮৬৩৪

মোবাইল ০১৭৩৩-২২২০০৫

e-mail : is@jessoreboard.gov.bd

প্রধান শিক্ষক

সিরাজুল ইসলাম জোয়াদ্দার মডেল নিম্ন মাধ্যমিক বিদ্যালয়

ডাকঘর : আসমানখালী, উপজেলা : আলমডাঙ্গা

জেলা : চুয়াডাঙ্গা

স্মারক নং-বিঅ-৬/ ১৪০১ (২)

অবগতির ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হল

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
- ২। পরিচালক, ব্যানবেইস, শিক্ষা মন্ত্রণালয়, ১ নং সোনারগাঁও রোড (পলাশী নীলক্ষেত), ঢাকা-১২০৫
- ৩। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৪। উপ-পরিচালক(মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা
- ৫। নিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর (পত্রটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৬। উপ-বিদ্যালয় পরিদর্শক (নিবন্ধন), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৭। জেলা শিক্ষা অফিসার, চুয়াডাঙ্গা
- ৮। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা
- ৯। সংরক্ষণ নথি

তারিখ : ০১০৮১৫

(ড. মোঃ আহসান হাবীব)
বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর